

## ওজোপাড়িকোতে শেখ রাসেল দিবস-২০২৩ উদযাপন

প্রকাশন তারিখ : 2023-10-18

“শেখ রাসেল দীপ্তিময়, নিভীক নির্মল দুর্জয়” এই প্রতিপাদ্যকে সামনে রেখে শেখ রাসেল-এর ৬০তম জন্মদিন ও ‘শেখ রাসেল দিবস-২০২৩’ উদযাপন উপলক্ষে ওজোপাড়িকো’র উদ্যোগে এক বর্ণাঢ্য রংমালি শহীদ হাদীস পার্ক থেকে শুরু হয়ে খুলনা সার্কিট হাউজ মাঠে গিয়ে শহীদ শেখ রাসেলের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণের মাধ্যমে শ্রদ্ধা নিবেদন করেন ওজোপাড়িকো’র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী এ .এইচ .এম. মহিউদ্দিন ।



উক্ত পুষ্পার্ঘ্য অর্পণের সময় আরও উপস্থিত ছিলেন নির্বাহী পরিচালক (পিএন্ডডি) ও নির্বাহী পরিচালক (প্রশাসন)-(অতি: দা:) প্রকৌ: মো: আখেরুল ইসলাম, নির্বাহী পরিচালক (অর্থ)-(অতি: দা:) জনাব এ এন এম মোস্তাফিজুর রহমান, প্রধান প্রকৌশলী (ইএসসিএস) জনাব মো: আবু হাসান,

প্রধান প্রকৌশলী (পিএন্ডডি) জনাব এ. টি. এম তারিকুল ইসলাম, প্রধান প্রকৌশলী (ওএন্ডএম) জনাব মো: রোকনউজ্জামন, মহাব্যবস্থাপক (প্রশাসন) জনাব মো: আলমগীর কবীর, উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন) ও কোম্পানি সচিব (অতি: দায়িত্ব) জনাব মোহাম্মদ নাজমুল হুদাসহ বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ। এছাড়াও দুপুর ২:৩০ মিনিটে বিদ্যুৎ মন্ত্রণালয়ের সাথে 'শেখ রাসেল দিবস-২০২৩' উপলক্ষ্যে ভার্সুয়াল প্ল্যাটফর্ম ব্যবহার করে আলোচনা সভায় অংশগ্রহণ করেন ওজোপাডিকো'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী এ .এইচ .এম. মহিউদ্দিনসহ বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

মোঃ মাহবুবুর রহমান  
সহকারী ব্যবস্থাপক (জনসংযোগ)  
ওজোপাডিকো, খুলনা।